

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

ময়মনসিংহ

www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০৩.২৫.০৬৯.১৮- ৬৭৮

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নব যোগদানকৃত প্রধান শিক্ষকগণের (নন-ক্যাডার) ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগের স্মারক নং- ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৪.২৪.১২; তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ অক্টোবর ২০২৪ তারিখ হতে ৩০ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নব যোগদানকৃত প্রধান শিক্ষকগণের (নন-ক্যাডার) ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কোর্স (১২তম ও ১৩তম ব্যাচ) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ-এ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মাঠপর্যায় (উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস) থেকে প্রাপ্ত প্রশিক্ষণবিহীন প্রধান শিক্ষকগণের (নন-ক্যাডার) তালিকা থেকে দুই ব্যাচের জন্য ৫৮ (আটান্ন)জন প্রধান শিক্ষকের একটি তালিকা চূড়ান্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। তালিকাভুক্ত প্রশিক্ষণার্থীগণ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।

০২। এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে নিম্নোক্ত নিয়মাবলি পরিপালনসহ প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রশিক্ষণার্থীগণের জন্য জ্ঞাতব্য:

- ১) নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে নেপ ওয়েবসাইটে প্রদত্ত লিংকে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- ২) প্রশিক্ষণ কোর্সটি আবাসিক। প্রশিক্ষণার্থীদের নেপ-এর ডরমিটরিতে অবস্থান করতে হবে।
- ৩) প্রশিক্ষণার্থীগণকে প্রাতঃকালীন শরীরচর্চা ও বৈকালিক খেলাধুলার জন্য নির্ধারিত পোশাক [সাদা টি-শার্ট, সাদা ট্রাউজার (পুরুষদের জন্য), সাদা সালোয়ার-কামিজ (মহিলাদের জন্য), সাদা ক্যাডস্, সাদা মোজা ও সাদা ক্যাপ] এবং নিজ নিজ ল্যাপটপ/ট্যাব নিয়ে আসতে হবে।
- ৪) প্রশিক্ষণার্থীদের আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখ সন্ধ্যা ৭.৩০টার মধ্যে নেপ-এ রিপোর্ট করতে হবে।

সংযুক্তি: প্রশিক্ষণার্থীগণের তালিকা-২ পাতা


০৯.১০.২৪
(সাদিয়া উম্মুল বানিন)
উপপরিচালক (প্রশাসন)
ফোন-০২৯৯৬৬৬৬০৭৩

ই-মেইল: sadiaummulbanin007@gmail.com

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার

উপজেলা..... জেলা.....

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০৩.২৫.০৬৯.১৮-

৬৭৬/১৩৮

তারিখ:

২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
- ৪। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
- ৭। হোস্টেল সুপার (সকল), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
- ৯। জনাব -----, প্রধান শিক্ষক-----সরকারি প্রাথমিক বিদ্যালয়,
উপজেলা-----, জেলা-----।
- ১০। পিএ টু ডিজি, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।


০৯.১০.২৪

(সাদিয়া উম্মুল বানিন)
উপপরিচালক (প্রশাসন)